# ALL INDIA RADIO

## আকাশবাণী শিলচর

### REGIONAL NEWS UNIT – SILCHAR

### MORNING NEWS BULLETIN

**BENGALI**

5 **February 2026** **7:35 AM IST**

===========================================================================

দেশের ৯৯ শতাংশ রেশন কার্ডকে আধার কার্ডের সঙ্গে যুক্ত করা হয়েছে । গতকাল লোকসভায় এক পরিপূরক প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় গ্রাহক পরিক্রমা , খাদ্য ও গণবন্টন বিভাগের মন্ত্রী নিম্বুবেন বম্ভানিয়া জানান যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খাদ্য সুরক্ষার বিষয়টিকে বিশেষ অগ্রাধিকার দিচ্ছেন এবং সরকার প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার মাধ্যমে দেশের ৮১ কোটিরও বেশী হিতাধিকারীকে বিনামূল্যে খাদ্য সামগ্রী প্রদান করা হচ্ছে । এই প্রকল্পটি বিশ্বের সর্ববৃহৎ খাদ্য সুরক্ষা প্রকল্প বলে শ্রীমতী বম্ভানিয়া মন্তব্য করেন ।‘এক দেশ এক রেশন কার্ড’ প্রকল্প রূপায়নের মাধ্যমে পরিযায়ী শ্রমিকরাও দেশের যেকোন প্রান্তের সুলভ মূল্যের দোকান থেকে তাদের প্রাপ্য খাদ্য সামগ্রী লাভ করতে পারছেন বলে মন্ত্রী জানান ।

---

মণিপুরের প্রবীন বি জে পি নেতা য়ুমনাম খেমচান্দ সিং গতকাল সন্ধ্যায় ইম্ফাল লোকভবনে মণিপুরের নতুন মূখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন । রাজ্যপাল অজয় কুমার ভাল্লা তাঁকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করান ।

**শপথ গ্রহন করেন নব নির্বাচিন মূখ্যমন্ত্রী শ্রী সিং -----**

**বাইট**

উল্লেখ্য য়ুমনাম খেমচান্দ সিংকে বি জে পি বিধায়নী দলের নেতা হিসেবে সর্ব্বসম্মতিক্রমে নির্বাচিত করা হয় । এছাড়া বিজেপির নেমচা কিপগেন এবং নাগা পিপলস ফ্রন্টের লোছি দিখৌরে উপ-মূখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন ।

---

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা গতকাল শিবসাগর জেলার ঐতিহাসিক তলাতল ঘরে ৩৪ হাজার ৭শ ৭১ জন মহিলার মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভিযানের চেক প্রদান করেন । এই অভিযানের অর্থ গ্রহন করে মহিলারা আর্থিকভাবে সাবলম্বী হয়ে পরিবারকে সহায়তা করছেন বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

আসন্ন বিধান্সভা নির্বাচনে প্রার্থী বাছাই প্রক্রিয়া নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী জানান --- **বাইট**

---

আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য আসাম প্রদেশ কংগ্রেস কমিটির একটি নির্বাচনী সমিতি গঠন করা হয়েছে । নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তি অনুসারে প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ সমিতির সভাপতি হিসেবে রয়েছেন

। সমিতিতে বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া ,সাংসদ রকিবুল হুসেইন ,প্রদ্যুত বরদলৈ ,প্রদেশ কংগ্রেসের প্রাক্তন সভাপতি ভূপেন বরা সহ প্রদেশ কংগ্রেসের মোট ৩৫ জন  নেতাকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে । সেইসঙ্গে এই সমিতিতে বিশেষ আমন্ত্রিত সদস্য হিসেবে প্রদেশ কংগ্রেস কমিটির সাংগঠনিক সম্পাদক ,প্রদেশ কংগ্রেস কমিটির সব বিভাগের প্রধান এবং অনুসূচিত জাতি , অন্যান্য অনগ্রসর শ্রেণী ,সংখ্যালঘু  বিভাগের প্রধানরা রয়েছেন ।

---

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের উদ্যোগে গতকাল বিশ্ববিদ্যালয়ের সভাকক্ষে কেন্দ্রীয় বাজেট ২০২৬-২৭ শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় স্বাগত ভাষণ দেন অধ্যাপক ডঃ রণবিজয় দাস । সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় বলেন যে ১৯৯০ সালের পর থেকে ধারাবাহিক সংস্কারের মাধ্যমে দেশের আন্তর্জাতিক বিশ্বাসযোগ্যতা পুনরুদ্ধার হয়েছে । সভায় বানিজ্য ও ব্যবস্থাপনা বিভাগের ডিন অধ্যাপক ডঃ সঞ্জীব ভট্টাচার্য তাঁর বক্তব্যে বাজেটে অর্থনৈতিক বৃদ্ধি ত্বরান্বিত করা , জনগণের ক্রয় ক্ষমতা বৃদ্ধি , পরিকাঠামো উন্নয়নের বিষয় তুলে ধরেন ।

---

দামছড়া সংরক্ষিত বনাঞ্চল সংক্রান্ত একটি ভুয়ো ভিডিও সামাজিক মাধ্যমে ছড়ানোর অভিযোগে হাইলাকান্দি পুলিশ একজন কনটেন্ট ক্রিয়েটরকে আটক করেছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে আটক করা রামনাথপুর থানা এলাকার জামিরা সপ্তম খন্ডের বাসিন্দা

আব্দুল খালিক বড়ভুইয়া । ধৃত ব্যাক্তি সামাজিক মাধ্যমে দামছড়া সংরক্ষিত বনাঞ্চল নিয়ে বিভ্রান্তিকর ও ভুয়ো ভিডিও করে জনমনে ভুল বার্তা প্রচার করছিল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার প্রথম রাউন্ডের ফাইনাল খেলার আজ দ্বিতীয় দিন ব্লাড মাউথ ক্লাব জয়ের লক্ষ্যে নামবে ।

গতকাল প্রথম দিনের খেলার পর ব্লাড মাউথ ক্লাব সুবিধাজনক অবস্থায় খেলা শেষ করে । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার প্রথম দিনের খেলায় বিপক্ষ রাইজিং ইয়ং স্টার দলকে ১৮৯ রানে পিছিয়ে রেখেছে ব্লাড মাউথ ক্লাব । ব্লাড মাউথের হয়ে ১২১ বলে ১৪৭ রান করে সৌম্য কান্তি পাল । ব্লাড মাউথ ৮ উইকেট হারিয়ে ৩০৯ রান সংগ্রহ করে । জবাবে বিশাল রান তাড়া করতে নেমে রাইজিং ইয়ং স্টার ক্লাব চাপে পড়ে যায় । দিনের শেষে রাইজিং ইয়ং স্টার ২৫ ওভারে ৫ উইকেট হারিয়ে ১২০ রান করতে সক্ষম হয় ।

---